

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

**তদন্ত কমিশন রিপোর্ট  
বাতিলের দাবী**

(চট্টগ্রাম অফিস)

চাকর ও সর্বদলীয় ছাত্র ঐক্য  
আয়োজিত এক সভা বাংলাদেশ  
ছাত্রলীগ (না-শ) দোস্ত বিল্ডিংস্থ  
কার্যালয়ে গতকাল (শুক্রবার)  
(১১শ পৃ: ৪-এর ক: ৫:)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(১ম পৃ: পর)

অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা  
বলেন, তদন্ত কমিশন রিপোর্টে  
যা প্রকাশিত হইয়াছে, তাহা মূল  
সমস্যাকে পাস কাটাইয়া সন্ত্রাসী-  
দের প্রশয় দেওয়ার নামান্তর  
মাত্র। সভায় তদন্ত কমিশন  
রিপোর্ট বাতিল, ২২শে ডিসেম্বরের  
সন্ত্রাসী ঘটনায় জড়িতদের বিরুদ্ধে  
কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং সন্ত্রাসী-  
দের সাথে জড়িত কিছুসংখ্যক  
বিতর্কিত শিক্ষকের অবিলম্বে  
অপসারণ দাবী করা হয়। ফকরুল  
ইসলামের সভাপতিতে অনুষ্ঠিত  
উক্ত সভায় অন্যদের মধ্যে বক্তব্য  
রাখেন চাকর ভিপি মো: নাজিম  
উদ্দিন, মঞ্জুর আলম শাহীন,  
মোকাদ্দেছ আলী মজুমদার শাহীন  
প্রমুখ।

**শিবিরের প্রস্তাব**

ইসলামী ছাত্র শিবির চট্টগ্রাম  
বিশ্ববিদ্যালয় মহানগরী, উত্তর ও  
দক্ষিণ জেলা এবং রাজ্যমাটি  
সাংগঠনিক জেলার নেতৃবৃন্দের  
এক যৌথসভা গতকাল শিবি-  
রের মহানগরী কার্যালয়ে অনু-  
ষ্ঠিত হয়। সভায় ১৬ই জুলাই  
বিশ্ববিদ্যালয় খোলার পূর্বে ৪ জন  
শিবির কর্মীর হত্যাকারী আসামী  
দের গ্রেফতার দাবী ও তদন্ত  
কমিশনের রিপোর্টের ব্যাপারে  
চাকর ও আপসুর বক্তব্যের তীব্র  
নিন্দা জ্ঞাপন করেন। সভায় এক  
প্রস্তাবে আজ প্রতিবাদ সভা,  
আগামীকাল (রবিবার) উপজেলা-  
সমূহে স্মারকলিপি পেশ ও বিক্ষোভ

প্রদর্শন এবং ১৫ই জুলাই চট্টগ্রামে  
সর্বাত্মক স্কুল ছাত্র ধর্মঘটের  
কর্মসূচী গ্রহণ করা হয়। সভা-  
পতিত্ব করেন শিবিরের বিশ্ববিদ্যা-  
লয় শাখার সভাপতি হামিদুর  
রহমান আজাদ। সংগ্রামী ছাত্র-  
ঐক্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার  
উদ্যোগে চট্টগ্রাম বিদ্যালয়ের  
ভিসি অপসারণ ও তদন্ত কমিশন  
রিপোর্ট বাস্তবায়নের দাবীতে গত-  
কাল ঘোষিত ৪ দিন ব্যাপী কর্ম-  
সূচীর ১ম দিনে চট্টগ্রাম প্রেস ক্লাব  
সম্মুখে সকাল ৮টা হইতে বেলা  
১টা পর্যন্ত প্রতীক অনশন পালন  
করা হয়। একই দাবীতে সম্মিলিত  
ছাত্র ঐক্য পরিষদের উদ্যোগে  
গতকাল মহানগরীতে বিক্ষোভ  
মিছিল ও সমাবেশ হয়।

40